

১৯৭১ যুদ্ধাপরাধীদের বিচারের দাবীতে সমাবেশ ও মানববন্ধন

কায়সার আহমেদঃ অস্ট্রেলিয়াস্ত ঘাতক দালাল নির্মূল কমিটির উদ্যোগে গত ১৫ই ডিসেম্বর ২০০৭ শনিবার বাংলাদেশে স্বাধীনতা যুদ্ধ চলাকালিন সময়ে গনহত্যার জন্য দায়ী যুদ্ধাপরাধীদের বিচারের দাবীতে আয়োজন করা হয়েছিল এক মানববন্ধন ও সমাবেশ। এই দিনটিতে বিশ্ববিবেককে জাগিয়ে তোলার জন্য জাতিসংঘের মহা-সচিবের নিকট স্মারকলিপি প্রদানসহ সমগ্র বিশ্বে বিভিন্ন সংগঠন কর্তৃক সমাবেশ-মানববন্ধন এর আয়োজন করা হয়।

সিডনির বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ সমাবেশে অংশগ্রহণ করে দাবীর প্রতি একাত্তৃতা ঘোষনা করেন। সমাবেশের সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি গামা আব্দুল কাদির। সভাপতির শুভেচ্ছা বক্তব্য শেষে স্বাধীনতা যুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে দাঢ়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। নীরবতা পালনের পর সংগঠনের সেক্রেটারী টিটো সোহেল প্রজেক্টের মাধ্যমে বাংলাদেশে সংঘটিত গনহত্যা ও তার জন্য দায়ী যুদ্ধাপরাধীদের সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরেন।

একাত্তরের যুদ্ধাপরাধীদের বিচারের দাবী তুলে যারা বক্তব্য রাখেন তাদের মধ্যে অন্যতম বঙ্গবন্ধু অস্ট্রেলিয়ার সভাপতি ড. আব্দুর রাজ্জাক, বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার ড. শামস রহমান, বিশিষ্ট মুক্তিযোদ্ধা ও সংগঠনের সদস্য কায়সার আহমেদ, সংগঠনের সাংগঠনিক সম্পাদক মজিবর রহমান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক হারুন অর রশিদ আজাদ, স্বদেশ বার্তা পত্রিকার সম্পাদক লুৎফর রহমান শাওন, একুশে একাডেমি অস্ট্রেলিয়ার শামীম আল নোমান, মলি আহমেদ এবং সমাপনী বক্তব্য রাখেন বিশিষ্ট কলামিস্ট অজয় দাশ গুপ্ত। সমাবেশ শেষে যুদ্ধাপরাধীদের দাবী সম্বলিত ফেস্টুন সহকারে এক মানববন্ধন রচনা করা হয়।

